**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**10 JANUARY 2025** **7:35 AM IST**

==========================================================================

কেন্দ্রীয় কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী শিবরাজ সিং চৌহান গতকাল গুয়াহাটীতে প্রধানমন্ত্রী আবাস যোজনা গ্রামীনের অধীনে ৫০ হাজার হিতাধীকারীর গৃহ প্রবেশ অনুষ্ঠানে অংশ গ্রহণ করেন । এছাড়া তিনি ধরিত্রী আভা জনজাতীয় গ্রাম উৎকর্ষ অভিযানের অধীনে ২০২৪-২৫ অর্থ বছরে ৩২ কোটি ৬৪ লক্ষ টাকার কৃষি যন্ত্র পাতির বিতরণ অনুষ্ঠানেও অংশ নেন । অনুষ্ঠানে আসাম রাজ্য গ্রামীন জীবিকা অভিযানের অধীনে ২০ জন লক্ষপতি মহিলাকে সম্বর্ধনা জানানো হয় । অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মাও উপস্থিত ছিলেন ।

---

কেন্দ্রীয় গৃহ নির্মাণ ও নগর পরিক্রমা দপ্তরের প্রতিমন্ত্রী তোখান সাহু গতকাল আসাম সরকারের নগর উন্নয়ন মন্ত্রী জয়ন্ত মল্ল বরুয়ার সংগে গুয়াহাটিতে এক বৈঠকে মিলিত হয়ে রাজ্যে নগর উন্নয়ন বিভাগের কাজের অগ্রগতি নিয়ে আলোচনা করেন । বৈঠকে কেন্দ্রীয় মন্ত্রী আসামে তার বিভাগের অধীনে বাস্তবায়ন হোয়া বেশ কয়েকটি প্রকল্পের খতিয়ান নেওয়া সহ বেশ কয়েকটি প্রকল্প নিয়ে

আলোচনা করেন । কেন্দ্রীয় মন্ত্রী প্রকল্পগুলির সময়মত ও সঠিক বাস্তবায়ন নিশ্চিত করে তোলার জন্য প্রয়োজনীয় পরামর্শ প্রদান করেন ।

---

রাজ্যে খুব শীঘ্রই নিম্ন প্রাথমিক ও উচ্চ প্রাথমিক বিদ্যালয়ে শূন্য থাকা শিক্ষকের চার হাজার ৫০০ টি পদের নিযুক্তি প্রক্রিয়া আরম্ভ করবে । এছাড়া আসাম সরকার আগামী বছরের মধ্যে আরো দেড় লক্ষ সরকারী চাকুরীতে নিযুক্তি প্রদান করবে বলে মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা জানিয়েছেন । এই চাকুরীগুলির জন্য আবেদন প্রক্রিয়া আগামী ১৫ ই ফেব্রুয়ারী প্রকাশ করা হবে । প্রার্থীরা ডিইই. আসাম . গভ .ইন এর মাধ্যমে আবেদন করতে পারবেন ।

---

ডিমা হাসাও জেলার উমরাংশুর কয়লা খনিতে সংঘটিত দূর্ঘটনার তিনদিন অতিবাহিত হওয়ার পরও এখনো ৮জন শ্রমিক আবদ্ধ রয়েছেন । ভেতরে আবদ্ধ শ্রমিকদের সন্ধান বের করা সম্ভব হয় নি । উদ্ধারকার্যে নিয়োজিত সেনা বাহিনী ,নৌ-সেনা , এন ডি আর এফ , এস ডি আর এফ , কোল ইন্ডিয়া লিমিটেডের উদ্ধারকারী দল সহ অন্যান্য উদ্ধারকারী সংস্থাগুলো এখন আর কোন শ্রমিককে জীবিত অবস্থায় উদ্ধার করার পরিস্থিতি নেই বলে ঘোষণা করেছে । এদিকে কংগ্রেস সহ বিরোধী দলগুলি উমরাংশুর খনি দূর্ঘটনার প্রকৃত তথ্য সরকার প্রকাশ করছে না বলে অভিযোগ করেছে । হাইকোর্টের নিষিদ্ধ ঘোষণা করার পরও রাজ্যে ইঁদুরের গর্ত সদৃশ গর্ত খুড়ে অবৈধ

কয়লা নিষ্কাষণ কার্য কি করে অব্যাহত রয়েছে সেই বিষয়ে বিরোধী দলগুলি সরকারের কাছে স্পষ্টিকরণ দাবী করেছে ।

---

কাছাড়ের জেলা আয়ুক্তের কার্য্যলয় থেকে এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে যে নির্ধারিত তালিকাভুক্ত স্পেসিফিকেশন অনুসারে এবং বিভিন্ন শর্ত সাপেক্ষে জেলার ট্রাফিক ব্যবস্থাপনা এবং সড়ক নিরাপত্তা ব্যবস্থার জন্য প্রয়োজনীয় জিনিস পত্র সরবরাহ করার জন্য আগামী ১৬ই জানুয়ারীর মধ্যে সাদা কাগজে দরপত্র আহ্বান করা হয়েছে । বিশদ বিবরন জেলা আয়ুক্তের কার্য্যলয়ের নোটিশ বোর্ডে পাওয়া যাচ্ছে ।

---

পাঞ্জাব ন্যাশনেল ব্যাঙ্ক পরিচালিত প্রশিক্ষন কেন্দ্র পি এন বি আর সেটি কাছাড়ের উদ্যোগে এবং বেসরকারী স্বেচ্ছাসেবী সংগঠন নংগিন , ইউনাইটেড নর্থ ইষ্ট চ্যারিটেবল ট্রাষ্ট , মৈতে এন্টারপ্রেনরস এবং ওয়াল্ড মৈতে কাউন্সিলের সহযোগীতায় গত মঙ্গলবার ফুলেরতলের টাইকোন্ডা এসোসিয়েশনের সভাকক্ষে প্রশিক্ষন কর্মশালা অনুষ্টিত হয়েছে । কর্মশালায় প্রধানমন্ত্রী সুরক্ষা যোজনা , প্রধানমন্ত্রী মুদ্রা যোজনা , প্রধানমন্ত্রী জীবন জ্যোতি বীমা যোজনা নিয়ে আলোচনা করা হয় ।

---

লায়ন্স ক্লাব অব লালার উদ্যোগে এবং হাইলাকান্দি জেলা অন্ধত্ব নিবারনী সমিতির সহযোগীতায় আগামীকাল  রূপাছড়া চা বাগানে বিনামূল্যে চক্ষু পরীক্ষা শিবির অনুষ্ঠিত হবে । শিবিরটি সকাল ১০টায় শুরু হবে ।

---

শিলচরের চৌধুরী আই হসপিটালের উদ্যোগে আগামী ১২ই জানুয়ারী ছোট দুধপাতিলে বিনামূল্যে চক্ষু পরীক্ষা শিবির অনুষ্ঠিত হবে । শিবিরটি সকাল ১০টায় শুরু হবে ।

---

সারা ভারত কৃষক সভার কৃষ্ণপুর-ভৈরবনগর আঞ্চলিক কমিটির সম্পাদক আশিক উদ্দিন বড়ভুইয়া গত ৬ই জানুয়ারী শেষ নিশ্বাস ত্যাগ করেছেন । মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৭০ । সারা ভারত কৃষক সভার কাছাড় জেলা কমিটির পক্ষ থেকে আশিক উদ্দিন বড়ভুইয়ার মৃত্যুতে গভীর শোক প্রকাশ করা হয়েছে ।